গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বর- ৮০.০০.০০০০.১০৫.১১.০৩০.১৭ (অংশ-২) ৬০০

তারিখঃ ১০ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় ঃ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতরের ১০ম গ্রেডের আর্টিস্ট এর ১ টি ও এসিসটেন্ট ডিজাইনার কাম কোয়ালিটি কন্ট্রোল অফিসার এর ১টি সহ মোট (১+১)=২টি স্থায়ী পদে নিয়োগের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষার সময়সূচি ও নির্দেশাবলি।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতরের ১০ম গ্রেডের আর্টিস্ট এর ১ টি ও এসিসটেন্ট ডিজাইনার কাম কোয়ালিটি কন্ট্রোল অফিসার এর ১টি সহ মোট (১+১)=২টি স্থায়ী পদে (১৭.০৪.২০১৯ তারিখের বিজ্ঞপ্তি নম্বর ৩৬ ও ৩৭) নিয়োগের জন্য অনলাইনে আবেদনকৃত প্রার্থীদের ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষা নিম্ন বর্ণিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে:

লিখিত পরীক্ষার স্থান : ৭১ মিলনায়তন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

লিখিত পরীক্ষার তারিখ ও সময় : ১২.১২.২০১৯, বৃহস্পতিবার, বেলা ১২:০০ ঘটিকা থেকে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত ।

উল্লেখ্য, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতরের আর্টিস্ট ও এসিসটেন্ট ডিজাইনার কাম কোয়ালিটি কন্ট্রোল অফিসার পদের লিখিত পরীক্ষা এক ও অভিন্ন প্রশ্নপত্রে গ্রহণ করা হবে। এক্ষেত্রে যদি কোন প্রার্থী উভয় পদে আবেদন করে থাকেন তাহলে তিনি যে কোন একটি পদে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে উভয় পদেই উত্তীর্ণ হয়েছেন বলে বিবেচিত হবেন।

পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলি ঃ

১. প্রার্থীদের নামে নতুন করে ডাকযোগে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। অনলাইনে রেজিস্ট্রেশনকালে প্রাপ্ত প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটক বাংলাদেশ লিঃ এর http://bpsc.teletalk.com.bd ওয়েবসাইট থেকে ডাউন লোড করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

২. ক. প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬(ছয়) ডিজিট সংবলিত। কোনো প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬(ছয়) ডিজিটের কম সংখ্যার হলে বাম দিকের ঘর/ঘরগুলো ০(শূন্য) দিয়ে পূরণ পূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নিচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।

খ. প্রবেশপত্রের নিচে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে হবে এবং অনুসরণ করতে হবে।

গ. হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিস্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ. পরীক্ষার হলে বই পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন, হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, কোনো প্রকার ইলেকট্রনিক ডিভাইস, ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু বহন করা যাবে না। কোন পরীক্ষার্থীর নিকট কোন নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তাকে বহিষ্কার করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঙ. ভুয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে।

চ. পরীক্ষার সময় প্রার্থীগণ কানের উপরে কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষার হলে প্রার্থীগণ গহণা/অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না।

ছ. প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।

অপর পৃষ্ঠার দ্রষ্টব্য

৩. পরীক্ষার জন্য নির্ধারিত সময়ের অন্তত ১৫ মিনিট পূর্বে পরীক্ষার কক্ষে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো পরীক্ষার্থী পরীক্ষার হলে প্রবেশ করতে পারবেন না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘণ্টার মধ্যে কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

৪. প্রার্থীদেরকে বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ এবং শিল্পকলা বা ফাইন আর্টস-৮০ নম্বরসহ ৪টি বিষয়ে মোট ২০০ নম্বরের একটি সমন্বিত প্রশ্নপত্র প্রদান করা হবে। নির্ধারিত ৪ ঘণ্টা সময়ের মধ্যে তাদেরকে ৪টি বিষয়ে ২০০ নম্বরের উত্তর প্রদান করতে হবে।

৫. প্রত্যেক পরীক্ষার্থীকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি পৃথক লিথোকোডযুক্ত উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থী প্রতিটি বিষয়ের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করা যাবে না; একই উত্তরপত্রে একাধিক বিষয়ে উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

৬. প্রশ্নপত্রে ৪টি বিষয়ের জন্য আলাদা আলাদা বিষয় কোড থাকবে। বিষয় কোড সংশ্লিষ্ট উত্তরপত্রের লিথোকোড ফরমের নির্দিষ্ট স্থানে লিখে সংশ্লিষ্ট বৃত্ত ভরাট করতে হবে, অন্যথায় উত্তরপত্র বাতিল হয়ে যাবে।

৭. পরীক্ষায় কোন প্রকার ক্যালকুলেটর ব্যবহার করা করা যাবে না।

৮. পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয় ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।

৯. প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে পরিচালক, ইউনিট-৫, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-এর দপ্তরে ১০.১২.২০১৯ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) আবেদন পৌছাতে হবে। প্রতিবন্ধী প্রার্থীর আবেদনের প্রেক্ষিতে কেবল কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কাজেই শ্রুতিলেখক কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ সংশ্লিষ্ট প্রতিবন্ধী প্রার্থীর পরীক্ষার হলে উপস্থিত থাকবেন। কর্ম কমিশনের পূর্বানুমোদন ছাড়া নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার বহির্ভূত কোনো শ্রুতিলেখককে পরীক্ষা হলে গ্রহণ করা হবে না।

১০. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি/লঙ্ঘন দেখা গেলে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

১১. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে পরবর্তীতে কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্রের (বিপিএসসি ফরম-৫এ) হার্ড কপি জমা দিতে হবে। বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে www.bpsc.gov.bd পাওয়া যাবে।

স্বাক্ষরিত

[মোঃ নজরুল ইসলাম]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
[যুগ্মসচিব]

নম্বর-৮০.০০.০০০০.১০৫.১১.০৩০.১৭ (অংশ-২)

তারিখঃ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ / নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো :

১. সিনিয়র সচিব/সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়/বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।

২. পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার/নন-ক্যাডার] বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট [বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ], বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৪. পরিচালক, ইউনিট-১/২/৩/৪/৬/৭/৮/৯/১০/১১/১২/ ১৩/ পরিচালক (পরীক্ষা, ক্যাডার/ নন-ক্যাডার)/উপ-সচিব [প্রশা/অর্থ ও সেবা/ বাজেট], বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় চেয়ারম্যান এর একান্ত সচিব [উপসচিব], বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়,ঢাকা। [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]
৬. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা [বিজ্ঞপ্তিটি সংবাদপত্রে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো]।
৭. উপপরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর।
৮. বিজ্ঞ সদস্য (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা । [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
৯. নোটিশ বোর্ড/ অভ্যর্থনা শাখা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।

২৭/১১/১৯
[মোঃ আনোয়ার [illegible]]
পরিচালক [উপসচিব]

D:\from 16-04-2017\Pilot Exam\biggopty.docx